শহীদ মিনারে শ্রদ্ধা জানায়নি কুতুবপুর স্কুল এন্ড কলেজ, এলাকাবাসীর ক্ষোভ

সরকারি নির্দেশনাকে তোয়াক্কা না করে মেহেরপুরের গাংনী উপজেলার ঐতিহ্যবাহী কুতুবপুর স্কুল এন্ড কলেজে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত না হওয়ার অভিযোগ উঠেছে। ২১শে ফেব্রুয়ারি সারাদেশে যথাযোগ্য মর্যাদায় ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হলেও এই শিক্ষা প্রতিষ্ঠানে কোনো পুষ্পমাল্য অর্পণ করেননি ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুল ইসলাম। এতে স্থানীয় এলাকাবাসী, অভিভাবক ও শিক্ষার্থীদের মধ্যে তীব্র ক্ষোভ ও অসন্তোষ সৃষ্টি হয়েছে।

গতকাল শনিবার সকালে সরেজমিনে গিয়ে দেখা যায়, কলেজের শহীদ মিনারটি অপরিষ্কার অবস্থায় পড়ে আছে। দিবসটি উপলক্ষে কোনো পুষ্পস্তবক অর্পণ করা হয়নি। স্থানীয়দের অভিযোগ, ভারপ্রাপ্ত অধ্যক্ষের অবহেলা ও অবজ্ঞার কারণে এবার কোনো কর্মসূচি পালন করা হয়নি। এমনকি শিক্ষার্থীদের নিয়ে দিবসটির তাৎপর্য তুলে ধরতে কোনো আলোচনা সভারও আয়োজন করা হয়নি। ফলে নতুন প্রজন্ম মহান ভাষা আন্দোলনের সঠিক ইতিহাস জানা থেকে বঞ্চিত হচ্ছে বলে মনে করছেন সচেতন মহল।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী আক্ষেপ করে বলে, আমাদের প্রতিষ্ঠানে প্রতিবছর শ্রদ্ধা নিবেদন করা হলেও এবার ভারপ্রাপ্ত অধ্যক্ষের কারণে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করা হয়নি। শহীদদের প্রতি এমন অবজ্ঞা আমাদের মর্মাহত করেছে।

এ বিষয়ে কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুল ইসলাম পুষ্পমাল্য অর্পণ না করার বিষয়টি স্বীকার করে বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ী আমরা দোয়া মাহফিল করেছি। তবে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়নি, বিষয়টি ভুল হয়েছে। তবে স্থানীয়দের দাবি, দোয়া ও মোনাজাতও ছিল নামমাত্র ও দায়সারা।

গাংনী উপজেলা ভারপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষা অফিসার মো. মনিরুল ইসলাম বলেন, মাতৃভাষা দিবস পালনের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে স্পষ্ট নির্দেশনা দেওয়া আছে। যদি কোনো প্রতিষ্ঠান

এর ব্যত্যয় ঘটায় বা দিবস পালনে অনীহা দেখায়, তবে বিষয়টি খতিয়ে দেখে সত্যতা সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

উল্লেখ্য যেঃ কুতুবপুর স্কুল এন্ড কলেজের (ভারপ্রাপ্ত) অধ্যক্ষ হাফিজুল ইসলাম দায়িত্ব নেওয়ার পর থেকে রামরাজত্ব শুরু করেছে ইচ্ছেমত প্রতিষ্ঠান পরিচালনা ও প্রতিষ্ঠানের আয় ব্যায়ের হিসেবেও রয়েছে অসচ্ছতা। এই প্রতিষ্ঠানের সকল অনিয়ম খতিয়ে দেখতে কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করেছে এলাকাবাসি।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে বই বিতরণ অনুষ্ঠিত

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে বছরের প্রথম দিনেই বই বিতরণ উৎসব অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের ক্যাম্পাসে সকল শ্রনীর ছাত্র ছাত্রীদের হাতে প্রধান মন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার বই তুলে দিয়েছেন। যা একটি উৎসবে পরিনত হয়েছে।

বই বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুল ইসলাম। সঞ্চালনা করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজা সহ উপস্থিত ছিলেন কুতুব্বর স্কুল এন্ড কলেজের সকল সরকারি শিক্ষক ও প্রভাষক বৃন্দ। এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য জিনার উপস্থিতি তে বই বিতরণ কার্যক্রম শুরু হয়।

এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজা বলেন প্রধান মন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ কে শিক্ষাখাতে ব্যাপক উন্নয়ন ঘটিয়েছেন। সেই ধারাবাহিকতায় আজকে বছরের প্রথম দিনে এক যোগে সারা বাংলাদেশে সকল শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়েছেন। যার ফলে গরীব মেধাবী ছাত্র ছাত্রীদের পড়া শোনা করার সুযোগ পেয়েছেন। এ জন্য মাননীয় প্রধানমন্ত্রী কে ধন্যবাদ।

এ বিষয়ে কুতুবপুর স্কুল এন্ড কলেজের নবম শ্রেণির ছাত্রী মিফতিয়া জান্নাত বলেন বছরের প্রথম দিনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার বই পেয়ে আমরা অনেক খুশি। এই বই পেয়ে আমরা সকল বন্ধুরা মিলে একসাথে লেখাপড়া শুরু করতে পারবো। এবং আমার ক্লাসের সকলে মিলে পড়ায় মনোযোগ দিতে পারবো। প্রধান মন্ত্রী শেখ হাসিনা বই না দিলে হয়তো আমরা সবাই একসাথে লেখাপড়া করতে পারতাম না কারন সবার বই বই কেনার সামর্থ নেই। তাই প্রধান মন্ত্রী শেখ হাসিনা কে ধন্যবাদ।

এ পর্যায়ে সকল ছাত্র ছাত্রী নতুন বই পেয়ে আনন্দ উল্লাসে মুখরিত করে তোলে কুতুবপুর স্কুল এন্ড কলেজ ক্যাম্পাস যা উৎসবে পরিনত হয়েছে।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে মহান বিজয় দিবস উদযাপন

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে মহান বিজয় দিবস উদযাপন ও শোভাযাত্রা করেছেন। আজ সকাল ৭ টার সময় স্কুল এন্ড কলেজ ক্যাম্পাসে জাতীয় সংগীতের সাথে সাথে পতাকা উত্তোলন করে বিজয় র্যালির সূচনা করেন।

শোভাযাত্রায় কুতুবপুর স্কুল এন্ড কলেজের শত শত শিক্ষার্থী ও শিক্ষক শিক্ষিকাদের উপস্থিতিতে ব্যান্ড বাজিয়ে আজকের এই বিজয় দিবস উদযাপন করেন। বিজয় র্যালিতে উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

শোভাযাত্রা শেষে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে স্বাধীনতার তীহ নিয়ে ছাত্রীদের মাঝে বক্তব্য রাখেন স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজা। সর্বপরি কুতুবপুর স্কুল এন্ড কলেজের বার্ষিক ফলাফল ঘোষণা করেন। এই ঘোষণায় যারা প্রথম,দ্বিতীয়,তৃতীয় স্থান অধিকার করেছেন তাদের কে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান তার ব্যাক্তিগত উদ্যোগে প্রথম স্থান অধিকারী কে

২০০০,দ্বিতীয় স্থান অধিকারী কে ১৫০০ টাকা ও তৃতীয় স্থান অধিকারী কে ১০০০ টাকা করে পুরস্কৃত করেন।

তিনি জানান, লেখাপড়া ভালো করে করতে পারলে সকলকেই আমি পুরুষ্কৃত করবো। পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের কে নিয়ে বিজয় দিবসে যারা জীবন দিয়েছেন সেই সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনাই দোয়া করে অনুষ্ঠানের সমাপ্তি করেন।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে গভর্নিং বডির সভা অনুষ্ঠিত

কুতুবপুর পুর স্কুল এন্ড কলেজে গভর্নিং বডির সাথে শিক্ষকদের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সামনে ১০ম শ্রেনী ও দ্বাদশ শ্রেনীর বর্ড পরীক্ষা কে কেন্দ্র করে মত বিনিময় সভায় শিক্ষার্থী দের লেখা পড়ার মান উন্নয়ন নিয়ে আলোচনা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের দাতা সদস্য, ও প্রতিষ্ঠাতা সভাপতি এবং কাথুলী ইউনিয়ন পরিষদের সবেক চেয়ারম্যান হাজী মোঃ আমিনুল ইসলাম। গভর্নিং বডির সদস্য জিনারুল ইসলাম, চুন্নু মিয়া, খায়রুল ইসলাম, কল্পনা খাতুন। উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ হাফিজুল ইসলাম, সিনিয়র শিক্ষক আমজাদ হোসেন,মাঝারুল ইসলাম, ফিরোজা খাতুন,জয়নাল আবেদিন,আবু তাহের সিদ্দিকী, সহকারী শিক্ষক রেজাউর রহমান,লাভলু হোসেন,জুহিন আলী, নাজমুল হোসেন ইকলাছ সুমনা খাতুন পল্লবী সাহা সহ আরো শিক্ষক বৃন্দ।

এ সময় শিক্ষার মান উন্নয়ন নিয়ে শিক্ষকদের উদ্দেশ্য হাজী মোঃ আমিনুল ইসলাম জানান আগামী তে ছাত্র ছাত্রী দের রেজাল্ট ভালো

করতে শিক্ষকদের সর্বচ্চ ভূমিকা পালন করতে হবে, শিক্ষক ও অবিভাবকের সাথে মাসিক সমন্বয় সভার আয়োজন করতে হবে। প্রতিটি শ্রেনীর শিক্ষার্থীদের উপস্থিতি ১০০% নিশ্চিত করার চেষ্টা করতে হবে।জি পি এ ৫.০০ এর জন্য ভালো শিক্ষার্থীদের বাছাই করে অতিরিক্ত ক্লাস চালু করতে হবে,তাদের পিতা মাতার সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে।কারন ভালো গাইডলাইন না পেলে ভালো শিক্ষার্থীরাও ঝরে পড়তে হবে।শিক্ষকদের সফলতা তখনই হয় যখন প্রতিষ্ঠানের রেজাল্ট ভালো হয় কাজী আপনারা অনেক দায়িত্ববান শিক্ষক আমি জানি তবে শিক্ষার্থীদের কে আরো মোটিভেশন করে তাদের কে গড়ে তুলতে হবে।

এ বিষয়ে কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ হাফিজুল ইসলাম বলেন আমরা এবারচেষ্টা করবো ১০০% পাশের হার নিশ্চিত করা।এবং জি পি এ ৫ এর হার আরো বৃদ্ধি করা।তবে এখানে আমার সকল সহযোদ্ধা শিক্ষকদের অগ্রনি ভূমিকা পালন করতে হবে।

এ বিষয়ে রেজাউর রহমান স্যার জানান ইতিমধ্যে আমাদের প্রতিষ্ঠানের সভাপতি কাথুলী ইউপি চেয়ারম্যান ও গভর্নিং বডির সভাপতি মিজানুর রহমান নির্দেশনা দেন টেস্ট পরীক্ষা তে কেউ একের অধিক সাবজেক্টে ফেল করলে তার বোর্ড পরীক্ষায় অংশ গ্রহন করতে দেওয়া হবে না।যদি দিতে হয় তাহলে সেই শিক্ষার্থীর অবিভাবক কে সাথে নিয়ে লিখিত দিতে হবে তবেই তাকে বোর্ড পরীক্ষায় অংশ গ্রহন করতে দেওয়া হবে। তাই আমরা সকল শিক্ষক ও কমিটেড আগামী তে শিক্ষার্থীদের রেজাল্ট ভালো করতে আমাদের ভূমিকা সবার উর্ধে থাকবে।

এ সময় সকল শিক্ষকদের সাথে পরামর্শ করে আগামী আরো কি কি উদ্যোগ গ্রহন করলে শিক্ষার্থী দের আরো লেখা পড়ার মান ভালো হবে তা পরিকল্পনা করেন এবং তা বাস্তবায়ন করার নির্দেশ প্রদান করেন।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড

কলেজে আন্তঃস্কুল পুরস্কার বিতরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার কুতুবপুর স্কুল এন্ড কলেজে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা অ্যাটলেটিক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ সোমবার দিনব্যাপি খেলাধুলা শেষে বিকেল ৩টার সময় পুরুস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ মিজানুর রহমান রানা সভাপতি কুতুবপুর স্কুল এন্ড কলেজ ও চেয়ারম্যান ১ নং ইউনিয়ন পরিষদ সভাপতিত্ব করেন মোঃ হাফিজুল ইসলাম অধ্যক্ষ ভারপ্রাপ্ত কুতুবপুর স্কুল এন্ড কলেজ।

এ সময় উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন,গাড়াবাড়ীয়া নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য ও ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম, কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, সহকারী শিক্ষক, আক্তারুজ্জামান লাভলু, জয়নাল আবেদীন প্রমুখ।

শেখ কামাল আন্ত স্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিক প্রতিযোগিতা খেলায় কাথুলী ইউনিয়নের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা অংশ গ্রহন করেন। খেলা সহ দেশত্ববোধক গানের সাথে নিত্য করেন স্কুলের ছাত্রীরা।

মেহেরপুরে কুতুবপুর স্কুল এন্ড

কলেজে বই বিতরণ অনুষ্ঠান

সারাদেশের ন্যায় কুতুবপুর স্কুল এন্ড কলেজে ও বছরের প্রথম দিনেই ছাত্র ছাত্রীদের মাঝে নতুন বই বিতরণ কর্মসূচি পালিত হয়েছে।

আজ রবিবার (১ জানুয়ারি) সারা বাংলাদেশের সকল প্রতিষ্ঠানে বছরের প্রথম দিনেই ছাত্র ছাত্রীদের হাতে নতুন বই তুলে দেওয়ার যে অঙ্গীকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা করেছিলেন তার শতভাগ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের সকল মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থী দের বই তুলে দিয়েছেন।

দুপুর ১২ টার সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের সকল শিক্ষার্থীদের মাঝে উৎসব মুখর পরিবেশে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার নতুন বই তুলে দিয়েছেন শিক্ষক মন্ডলী।

এ সময় উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও কুতুবপুর স্কুল এন্ড কলেজর গভর্নিং বডির সভাপতি মিজানুর রহমান রানা। উপস্থিত ছিলেন গভর্নিং বডির সদস্য ও ২ নং ওয়ার্ডের নব নির্বাচিত ইউ পি সদস্য জিনারুল ইসলাম। গভর্নিং বডির সদস্য চুন্নু মিয়া

এ সময় আরো উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষক রেজাউর রহমান (সভাপতি) কাথুলী ইউনিয়ন কৃষক লীগ। সহকারী শিক্ষক জয়নাল আবেদীন, আক্তারুজ্জামান লাভলু সহ সকল সহকারী শিক্ষক ও ছাত্র ছাত্রী বৃন্দ।

এ সময় গভর্নিং বডির সভাপতি ও কাথুলী ইউপি চেয়ারম্যান জানান বছরের প্রথম দিনেই সারা বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নতুন বই হাতে তুলে দিয়ে মাননীয় প্রধান মন্ত্রী নজির বিহীন ইতিহাস গড়ে আসছেন। উপকৃত হচ্ছে অসহায় পরিবারের মেধাবী শিক্ষার্থীরা। তাই আমি সকল শিক্ষার্থীদের কাছে অনুরোধ জানাবো সকলে আমাদের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জন্য দোয়া করবে এবং আমরা সকলে তিনার দীর্ঘায়ু কামনা করবো। সকলে মন দিয়ে লেখা পড়া করবে কাল থেকে নিয়মিত ক্লাস করবে।

শিক্ষার্থী আসিফ ইকবাল অসহায় পরিবারের মেধাবী ছাত্র তিনি বলেন

বছরের প্রথম দিনে নতুন বই পেয়ে আমাদের পড়াশোনার গতি বৃদ্ধি পাই। পরিবারকে বই কেনার জন্য বলতে হয় না।তাই আমরা বছরের শুরুতেই লেখা পড়ায় মনযোগ দিতে পারি ধন্যবাদ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কে।